

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৮০

১/ বিবিধ

আরবী

ما من امرئ مسلم يرد عن عرض أخيه إلا كان حقا على الله أن يرد عنه نار جهنم يوم القيامة، ثم تلا هذه الآية: (وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِينَ) ضعيف

أخرجه ابن أبي حاتم من طريق ليث عن شهر بن حوشب عن أم الدرداء عن أبي الدرداء مرفوعا. ورواه أبو الشيخ في " كتاب الثواب " كما في " الترغيب " (3 / 302) ، وذكره ابن كثير في " تفسيره " (3 / 436) وسكت عليه، وذلك لظهور ضعفه، فإن شهر بن حوشب ضعيف، وكذا الراوي عنه ليث وهو ابن أبي سليم وقد خولف في إسناده ومنتنه فرواه عبید الله بن أبي زياد عن شهر عن أسماء بنت يزيد مرفوعا نحوه مختصرا دون قوله: " ثم تلا ... ". أخرجه أحمد (6 / 461) وأبو الشيخ في " الفوائد " (2 / 80) وعبد الله بن أبي زياد فيه ضعف أيضا، قال الحافظ في " التقريب ": " ليس بالقوي ومما ذكرنا تعلم أن قول المنذري: " رواه أحمد بإسناد حسن وابن أبي الدنيا والطبراني " غير حسن. لكن الحديث له طريق أخرى عن أم الدرداء مختصرا بلفظ: " من رد عن عرض أخيه رد الله عن وجهه النار يوم القيامة ". أخرجه الترمذي (3 / 124) وأحمد (6 / 450) من طريق أبي بكر النهشلي عن مرزوق أبي بكر التيمي عن أم الدرداء عن أبي الدرداء مرفوعا به. وقال الترمذي: " هذا حديث حسن ". قلت: لعله حسنه بالذي قبله

وإلا فمرزوق هذا مجهول. قال الذهبي: " ما روى عنه سوى أبي بكر النهشلي ". وأبو بكر النهشلي قال الحافظ: " صدوق " والله أعلم

বাংলা

৫৮০। কোন মুসলিম ব্যক্তি তার ভাইয়ের বেইজ্জতীকে প্রতিহত করলে আল্লাহর উপর কিয়ামতের দিন জাহান্নামের আগুন হতে তাকে রক্ষা করা অপরিহার্য হয়ে যায়। অতঃপর তিনি এ আয়াত পাঠ করলেনঃ "আমার উপর মুমিনদেরকে সাহায্য করা অপরিহার্য ছিল।" [সূরা আর-রুমঃ ৪৭]

হাদীছটি দুর্বল।

এটিকে ইবনু আবী হাতিম লাইছ সূত্রে শাহর ইবনু হাওশাব হতে তিনি উম্মুদ দারদা হতে তিনি আবুদ দারদা হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। আবুশ শাইখ "কিতাবুছ ছাওয়াব" গ্রন্থে বর্ণনা করেছেন যেমনটি "আত-তারগীব" (৩/৩০২) গ্রন্থে এসেছে। ইবনু কাছীর তার "তাফসীর" (৩/৪৩৬) গ্রন্থে উল্লেখ করে কোন হুকুম না লাগিয়ে চুপ থেকেছেন দুর্বলতা স্পষ্ট হওয়ার কারণে। কারণ শাহর ইবনু হাওশাব দুর্বল। অনুরূপ লাইছ ইবনু আবী সুলায়েমও দুর্বল। ভাষা ও সনদের মধ্যে এর বিপরীত বর্ণনা এসেছে। যেটিকে ইমাম আহমাদ (৬/৪৬১) এবং আবুশ শাইখ "আল-ফাওয়ায়েদ" (২/৮০) গ্রন্থে বর্ণনা করেছেন।

এটির সনদে আব্দুল্লাহ ইবনু আবী যিয়াদ রয়েছে। তার মধ্যেও দুর্বলতা রয়েছে। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি শক্তিশালী নন। এ জন্য মুনযেরী বলেছেনঃ এটি হাসান, তা সঠিক নয়।

হাদীছটি উম্মুদ দারদা হতে ভিন্ন সূত্রেও সংক্ষিপ্তাকারে বর্ণিত হয়েছে। যেটি ইমাম তিরমিযী (৩/১২৪) এবং আহমাদ (৬/৪৫০) বর্ণনা করেছেন। কিন্তু এটির সনদে মারযুক আবু বাকর আত-তাইনী রয়েছে। তিনি মাজহুল। ইমাম যাহাবী বলেনঃ আবু বাকর আন-নাহশালী ছাড়া অন্য কেউ তার থেকে বর্ণনা করেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71459>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন